বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

13

তারিখ 07 APR 1989
পৃষ্ঠা ... কলাম ...

# আগামীবছর মেডিক্যাল বিশ্ববিদ্যালয় স্থাপন করা হবে

(নিজস্ব বার্তা পরিবেশক)

স্বাস্থ্য মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপ-প্রধানমন্ত্রী ডাঃ এম,এ মতিন বিশ্ব স্বাস্থ্য দিবসের প্রাক্কালে গতকাল বৃহস্পতিবার বিকেলে সচিবালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে বলেছেন যে, আগামী ১৯৮৯-৯০ সালে দেশে একটি মেডিক্যাল বিশ্ববিদ্যালয় স্থাপন করা হবে।

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## আগামী বছর

(১ম পাতার পর)

সরকারের সিদ্ধান্ত অনুযায়ী দেশের সকল মেডিক্যাল ও নার্সিং কলেজসহ অন্যান্য ইনস্টিটিউটকে এই বিশ্ববিদ্যালয়ের আওতায় আনা হবে।

তিনি বলেন, ২ হাজার সালের মধ্যে 'সবার জন্য স্বাস্থ্য' নিশ্চিত করার জন্যই এই পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। মেডিক্যাল বিশ্ববিদ্যালয় স্থাপনের লক্ষ্যে সংসদের আগামী অধিবেশনে একটি বিল আনা হবে। তিনি জানান, এই বিশ্ববিদ্যালয়টি ঢাকায় স্থাপিত হবে। বিশেষজ্ঞ কমিটির মতে, প্রাথমিক পর্যায়ে এজন্য ১৫ কোটি টাকা ব্যয় হবে।

উপ-প্রধানমন্ত্রী বলেন, এবার বিশ্ব স্বাস্থ্য দিবসের শ্লোগান হচ্ছে আসুন স্বাস্থ্যর কথা বলি। নিরক্ষর মানুষের কাছে স্বাস্থ্য ব্যবস্থার অবকাঠামোগত সুযোগ-সুবিধার চেয়ে স্বাস্থ্য তথ্যের প্রয়োজন বেশী।

এক প্রশ্নের জবাবে তিনি বলেন, বেসরকারী ক্লিনিকগুলোর চিকিৎসা ব্যবস্থা সম্পর্কে সার্ভে করা হচ্ছে। সরকারী নিয়ম লংঘন করার অভিযোগে রাজধানীর ৭৩টি বেসরকারী ক্লিনিকের মধ্যে ১৭টির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তিনি জানান সারা দেশে ১৪৪টি প্রাইভেট ক্লিনিক আছে।